

সিলেট জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সেপ্টেম্বর/২০২১ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি	এম কাজী এমদাদুল ইসলাম জেলা প্রশাসক, সিলেট
সভার তারিখ	১৯ সেপ্টেম্বর, ২০২১
সভার সময়	সকাল ১০.০০ ঘটিকা
স্থান	Zoom Application এর মাধ্যমে সকল দপ্তর সংযুক্ত হয়
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। আলোচনার শুরুতে আগস্ট ২০২১ মাসের জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী দৃষ্টিকরণ করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সিলেট বিগত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহের আলোকে বিভিন্ন দপ্তর হতে প্রাপ্ত অগ্রগতি প্রতিবেদন ও কার্যপত্রসমূহ উপস্থাপন করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রমিক	দপ্তরের নাম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
--------	-------------	--------	-----------	----------------

<p>১.</p>	<p>স্বাস্থ্য বিভাগ</p>	<p>সিভিল সার্জন সিলেট বলেন, অ্যান্ড্রাজেনেকার টিকার গ্রহণের জন্য প্রেস বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। অ্যান্ড্রাজেনেকার ২,৩০,০০০ (দুই লক্ষ ত্রিশ হাজার) টিকার মধ্যে ২,২১,৮১১ (দুই লক্ষ একুশ হাজার আটশত এগোরো) জন ২য় ডোজের টিকা নিয়েছেন। অনেকেই বিদেশ চলে যাওয়ায় এবং টিকা নিতে না আসায় ৩৫০০ টিকা রয়ে গেছে। অবশিষ্ট এই ৩৫০০ ডোজ টিকা ১ম ডোজ হিসেবে নেওয়া যাবে। সিভিল সার্জন আরো বলেন, মর্ডানার ২য় ডোজ টিকা প্রদান চলছে। সিনোফার্মের কার্যক্রম উপজেলায় সুষ্ঠুভাবে চলছে। সিনোফার্ম টিকার বর্তমানে কোনো স্বল্পতা নাই। ফাইজারের টিকা এখনও আসেনি। তবে ফাইজারের টিকা আসলে টিকা দেওয়ার মতো প্রস্তুতি বা সক্ষমতা রয়েছে। ফাইজারের টিকার নির্দিষ্ট ক্যাটাগরি আছে। ক্যাটাগরির বাইরে টিকা দেয়া যাবে না। ওসমানীনগরের তাজপুরে অক্সিজেন সিলিন্ডার দেওয়া হয়েছে। বর্তমানে অক্সিজেনের কোন সংকট নাই। করোনা সংক্রমণের হার এ মাসে কম। গত সপ্তাহ থেকে এখন পর্যন্ত সংক্রমণের হার ৩-৪%। সিলেট এ ৬ জন ডেঙ্গু রোগী সনাক্ত হয়েছে যারা ঢাকার বাসিন্দা কিন্তু চিকিৎসা নিয়েছে সিলেটে। উপজেলা চেয়ারম্যান বিয়ানীবাজার বলেন, বিদেশগামী যাত্রীদের ১ম ডোজ টিকার নেয়ার পর ২য় ডোজ নিতে অনেক সময় লাগে যা তাদের বিদেশ গমনে সমস্যার সৃষ্টি করে। এছাড়াও কিছু দেশে সিনোফার্ম টিকা সাপোর্ট করে না। জবাবে সিভিল সার্জন বলেন, বিদেশযাত্রীদের সিটি কর্পোরেশনের মাধ্যমে রেজিস্ট্রেশন করে মর্ডানার টিকা নিলে ভালো হয়। উপজেলায় রেজিস্ট্রেশন করলে তা বাতিল করে সিটি কর্পোরেশনে করতে হবে। চেয়ারম্যান ওসমানীনগর বলেন, ওসমানীনগরের ইউনিয়ন সাব সেন্টারে ডাক্তার প্রয়োজন। রোগীর তুলনায় ডাক্তার অপ্রতুল। জরুরী ভিত্তিতে ডাক্তার পদায়নের ব্যবস্থা গ্রহন করতে হবে। জবাবে সিভিল সার্জন বলেন, ডাক্তারের স্বল্পতা রয়েছে। ৪২তম বিসিএস নিয়োগ না দেওয়া পর্যন্ত সমস্যার সমাধান হবে না।</p>	<p>১. উপজেলায় ডাক্তার স্বল্পতা সমস্যা নিরসনে ডাক্তার পদায়নের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর চিঠি লিখতে হবে। ২. বিদেশগামী যাত্রীদের মর্ডানা টিকা গ্রহণের সুবিধার্থে সিটি কর্পোরেশনে রেজিস্ট্রেশন করতে হবে।</p>	<p>১. সিভিল সার্জন, সিলেট ২. উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট</p>
-----------	------------------------	---	--	--

২.	স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	<p>নির্বাহী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট বলেন, এম.এ.জি ওসমানী মেডিকেল কলেজে মাল্টিপারপাস ভবন নির্মাণ কাজের অগ্রগতি ২৭%। আগামি জুনে কাজ শেষ হবে। বালাগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ৩১ শয্যা থেকে ৫০ শয্যায় উন্নীতকরণ কাজের অগ্রগতি ৩৮% আগামি জুন নাগাদ কাজ শেষ হবে বলে আশা করা যায়। তিনি আরো বলেন, ওসমানীনগর ৫০ শয্যা বিশিষ্ট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স নির্মাণ কাজের অগ্রগতি ৩৫%। সভাপতি ওসমানীনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কাজের অগ্রগতি সম্পর্কে জানতে চাইলে নির্বাহী প্রকৌশলী বলেন, আরো ১ থেকে দেড় বছর সময় লাগবে। উপজেলা নির্বাহী অফিসার, গোয়াইনঘাট বলেন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের অবস্থা অত্যন্ত নাজুক। ওটি, সুয়ারেজ, সেফটি ট্যাংকসহ বেশ কিছু জায়গায় সংস্কার করা প্রয়োজন।</p> <p>জবাবে নির্বাহী প্রকৌশলী বলেন, বার্ষিক প্রাক্কলন করা হয়েছে। প্রত্যেক ব্যবহারকারীদের কাছ থেকে চাহিদা অনুযায়ী ডিসেম্বর নাগাদ কাজ শুরু করা হবে।</p> <p>চেয়ারম্যান বিয়ানীবাজার বলেন, বিয়ানীবাজার স্বাস্থ্য কমপ্লেক্স এ যাওয়ার রাস্তা সংস্কার করা জরুরি। জবাবে নির্বাহী প্রকৌশলী বলেন, স্থানীয় চাহিদা অনুযায়ী আমরা কাজ করে থাকি। চাহিদা প্রেরণ করলে কাজ করা হবে।</p> <p>চেয়ারম্যান ওসমানীনগর বলেন, তিলপাড়া ইউনিয়ন স্বাস্থ্য কমপ্লেক্স ও বরুঞ্জা সাব সেন্টার সংস্কার করা প্রয়োজন।</p>	<p>১. গোয়াইনঘাট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স সংস্কারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে চিঠি দিতে হবে।</p> <p>২. বিয়ানীবাজার স্বাস্থ্য কমপ্লেক্স এ যাওয়ার রাস্তা সংস্কার করার জন্য উপপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, সিলেট চাহিদাপত্র প্রেরণ করবেন।</p> <p>৩. তিলপাড়া ইউনিয়ন স্বাস্থ্য কমপ্লেক্স ও বরুঞ্জা সাব সেন্টার সংস্কার করতে হবে।</p>	<p>১. নির্বাহী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট</p> <p>২. উপপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, সিলেট</p>
৩.	সড়ক ও জনপথ বিভাগ	<p>নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, সিলেট বলেন, সিলেট-সুনামগঞ্জ রাস্তা ট্রকের বাজার পর্যন্ত মেরামত করা হয়েছে। রাস্তার যেসব জায়গায় পানি জমে সেখানে পানি অপসারণের ব্যবস্থা নেয়া হয়েছে। লামাগাজী পয়েন্টে বিভাগীয় ভাবে টোল আদায় করা হচ্ছে। এর বাইরে কেউ অবৈধভাবে টোল আদায় করলে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। সিলেট-জকিগঞ্জ রোডে সড়কের বাজার রাস্তার কাজ চলমান আছে।</p> <p>সিলেট- তামাবিল ও সিলেট-শেরপুর রাস্তা মেরামত ও স্পীড ব্রেকারে সাদা মার্কিংয়ের কাজের টেন্ডার হয়েছে।</p>	<p>চারখাই-বিয়ানীবাজারের শেওলা বাজারের খাদ্য গুদামে যাওয়ার রাস্তা জরুরী ভিত্তিতে মেরামত করতে হবে।</p>	<p>নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, সিলেট</p>

আপাতত অস্থায়ীভাবে কাজটি করে দেয়া হবে। স্পেশাল মেশিনে কাজ করলে কাজটি ভালো হবে। ঢাকা-সিলেট মহাসড়ক ছয়লেনে উন্নীতকরনের প্রস্তাব সংশোধনের কাজ চলমান আছে। সভাপতি বলেন, শেওলাবাজারের সড়কটি অনেক গুরুত্বপূর্ণ। এখানে একটি খাদ্য গুদামও আছে। জনগুরুত্ব বিবেচনায় রাস্তাটি সংস্কার করা প্রয়োজন। চেয়ারম্যান বিয়ানীবাজার বলেন, চারখাই থেকে বাড়ীগ্রাম পর্যন্ত রাস্তা কোথায় ভাঙ্গা কোথায় ভালো, কোথাও খানাকন্ডে ভরা, গর্তগুলো মেরামত করা প্রয়োজন। তাছাড়া শেওলা বাজারে খাদ্য গুদামের রাস্তার অবস্থা খুবই নাজুক যা জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। তাছাড়া তিনি জানতে সিলেট-বিয়ানীবাজার রাস্তা প্রশস্ত করার কোন পরিকল্পনা আছে কিনা। জবাবে নির্বাহী প্রকৌশলী বলেন, সিলেট-বিয়ানীবাজার রাস্তা বড় করার কোন পরিকল্পনা আপাতত নাই। নির্বাহী প্রকৌশলী বলেন, সিলেট-সুতারকান্দি রোড প্রশস্তকরনের কাজ স্টাডি চলমান আছে। সভাপতি বলেন, শেওলা স্থলবন্দর চালু হলে সড়কটি অনেক ব্যস্ত হয়ে পড়বে। সে বিষয়টি মাথায় রেখে পরিকল্পনা করতে হবে। উপজেলা চেয়ারম্যান জৈন্তাপুর বলেন, স্পিড ব্রেকারগুলোতে প্রচুর গর্ত থাকায় চলাচলের অনুপযোগী। গাড়ি ধাক্কা খায়। স্পিড ব্রেকার সহনীয় পর্যায়ে নিয়ে আসা প্রয়োজন। জৈন্তাপুর বাসস্ট্যান্ড ডেনের উপর স্ল্যাবগুলো ঠিক করতে হবে। স্ল্যাবগুলো সুন্দরমত বসাতে হবে। কানেকটিং রোড থেকে গাড়ি যাতে উঠতে পারে সে ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করতে হবে। জবাবে নির্বাহী প্রকৌশলী বলেন, স্পিড ব্রেকার দেওয়ার কোন ইচ্ছে নাই তবে স্পিড ব্রেকারগুলো ছোট ছোট করে দেওয়া যায়। উপজেলা চেয়ারম্যান, ওসমানীনগর বলেন, গোয়ালাবাজারে ডেনেজ সিস্টেম খুব খারাপ। ডেনেজ সিস্টেম ঠিক করতে হবে। জবাবে নির্বাহী প্রকৌশলী বলেন, আমাদের মূল কাজ রাস্তা নির্মাণ করা। রাস্তার পাশের ডেনেজ নির্মাণ করতে স্থানীয় দোকানদের সহযোগিতা একান্ত প্রয়োজন। পাশাপাশি তিনি উপজেলা নির্বাহী অফিসারগণের তিনি সহযোগিতা কামনা করেন।

চেয়ারম্যান বালাগঞ্জ বলেন, সিলেট-সুলতানপুর সড়কের রাস্তা ভাঙা। কাজ তাড়াতাড়ি শুরু করতে হবে। ব্রীজের কারণে রাস্তা ব্যবহার করা যাচ্ছে না। জবাবে নির্বাহী প্রকৌশলী বলেন, সিলেট-সুলতানপুর-বালাগঞ্জ সড়কের কাজ শুরু হয়েছে। আগামি ডিসেম্বরের মধ্যে একটা পর্যায়ের কাজ সম্পন্ন হবে।

উপজেলা নির্বাহী অফিসার, ওসমানীনগর বলেন, সাদীপুর-বেগমপুর রোডে প্রায়ই দুর্ঘটনা ঘটে। স্পীড ব্রেকার বসানোর জন্য তিনি মত দেন। তিনি বলেন, শেরপুর টোল প্লাজায় জ্যামের কারণে দীর্ঘক্ষণ দাঁড়িয়ে থাকতে হয়। টোল আদায় হয় এমন রাস্তা চওড়া থাকা প্রয়োজন। জবাবে নির্বাহী প্রকৌশলী বলেন, শেরপুর টোল প্লাজার প্রশস্ত করার জন্য ইতিমধ্যে টেন্ডার আহবান করা হয়েছে। সভাপতি বলেন, হাইওয়ে রোডে স্পীড ব্রেকার না দেওয়ার নির্দেশনা আছে। বরঞ্চ হাইওয়েতে দুর্ঘটনা এড়াতে ইতোমধ্যে নির্মিত স্পীড ব্রেকারের উচ্চতা কমানো যেতে পারে। নির্বাহী প্রকৌশলী বলেন, হাইওয়েতে স্পীড ব্রেকার না বসিয়ে ফিডার রোডের মুখে স্পীড ব্রেকার বসিয়ে গাড়ির গতি নিয়ন্ত্রণ করলে দুর্ঘটনা এড়ানো যেতে পারে।

চেয়ারম্যান গোয়াইনঘাট বলেন, গোয়াইনঘাট থেকে সারীঘাটের রাস্তায় ব্রীজের পিলারের গার্ড বুকিংপূর্ণ অবস্থায় আছে। বন্যার সময় পণ্যবাহী নৌকা এখানে আঘাত করে দুর্ঘটনা ঘটে। ব্রীজের উপর স্ট্রীট লাইট লাগানোর ব্যবস্থা করা প্রয়োজন। গোয়াইনঘাট-সারীঘাটের রাস্তায় ৩ টা ব্রীজ রাস্তার কাজ দ্রুত শেষ করতে হবে। জবাবে নির্বাহী প্রকৌশলী বলেন, গোয়াইনঘাট ব্রীজের পিলার ভেঙে গেছে। বর্ষার পানি কমলে মেরামতের উদ্যোগ নেয়া হবে। ৩টা ব্রীজের স্ট্রাকচারের কাজ শেষ। কিন্তু বর্ষায় নদীতে পানি বেশী থাকায় অন্যান্য কাজ করা যাচ্ছেনা। আগামী ২ মাসের মধ্যে বাকী কাজ শেষ করা যাবে। এছাড়া ব্রীজের উপর স্ট্রীট লাইট প্রকল্পে না থাকায় পৌরসভা থেকে বা স্থানীয়ভাবে ব্যবস্থা করতে হবে।

চেয়ারম্যান কানাইঘাট বলেন, কানাইঘাটে দরবস্তের চতুলবাজার রাস্তা, উপজেলা সদরে হাসপাতালে যাওয়ার রাস্তা, শাহবাগ যাওয়ার আগ পর্যন্ত রাস্তা

		<p>ভাংগা। মেরামতসহ ড্রেনেজ ব্যবস্থার উন্নয়ন ঘটাতে হবে। নির্বাহী প্রকৌশলী বলেন, এই রাস্তাগুলোতে পানি নিষ্কাশনের ব্যবস্থা নাই। দরবস্তের শুরুর অংশে রাস্তা সংস্কারের জন্য টেন্ডার করা হয়েছে। চতুলবাজারের জন্য প্রাক্কলন করে অনুমোদন চাওয়া হয়েছে। বাকী নির্বাহী প্রকৌশলী স্থানীয় সরকার অংশগুলো এবারের মেইনটেন্যান্স ফান্ড প্রকৌশলী অধিদপ্তর বলেন, ওসমানীনগর থেকে সংস্কার করে দেয়া হবে। উপজেলা পরিষদ কমপ্লেক্সের নির্মাণ কাজের সময় নভেম্বর ২০২১ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে, নির্মাণ কাজ সমাপ্ত করার জন্য উপজেলা প্রকৌশলী ওসমানীনগরকে নির্দেশনা প্রদান করা হয়েছে। সংযোগ সড়কের কাজ অতি শীঘ্র শুরু করা হবে। তাছাড়া সালুটিকর-পেকেরখাল- গোয়াইনঘাট রাস্তায় জনদুর্তোগ লাঘবের জন্য জরুরী মেরামতের অনুমোদন নেয়া হয়েছে, যার মাধ্যমে অতিরিক্ত ক্ষতিগ্রস্ত অংশ সমূহ দ্রুত মেরামত করা হবে। এই অর্থবছরে এলজিইডি ৮১টি প্রকল্পের অনুমোদন পাওয়া গেছে। অক্টোবরের মধ্যে টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করে কার্যাদেশ প্রদান করেন। সভাপতি প্রকল্প গুলোর তালিকা সরবরাহ করার জন্য নির্বাহী প্রকৌশলীকে অনুরোধ জানান। তিনি বলেন উক্ত তালিকা উপজেলা ভিত্তিক ভাগ করে উপজেলা নির্বাহী অফিসার ও জনপ্রতিনিধিদের মাধ্যমে জনগণকে অবহিত করা যাবে।</p> <p>নির্বাহী প্রকৌশলী বলেন, গোয়াইনঘাট উপজেলার বঙ্গবীর-হাদারপাড় সড়কের কালভার্ট নির্মাণের কাজ বর্ষা মৌসুম চলে আসায় সম্পন্ন করা সম্ভব হয়নি, কালভার্ট নির্মাণের স্থানে পানি কমে গেলে কাজ শুরু করে দ্রুত সম্পন্ন করা হবে। তাছাড়া, বালাগঞ্জ উপজেলার চকসুলতানপুর সহ তিনটি প্রাইমারী স্কুলে কম্পিউটার ম্যাটেরিয়াল গুছিয়ে রাখা হয়েছে। নির্মাণকাজ শেষ হলে বাকী মালামাল অপসারণ করা হবে। চেয়ারম্যান গোয়াইনঘাট কালভার্ট দুটির কাজ দ্রুত সম্পন্ন করার অনুরোধ করেন।</p> <p>চেয়ারম্যান ফেঞ্চুগঞ্জ বলেন, তার উপজেলায় কয়েকটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের টেন্ডার প্রক্রিয়ায় জাল অভিজ্ঞতা সনদ দিয়ে কাজ নেয়ায় সেখানে অনিয়ম হয়েছে। ইতোমধ্যে আংশিক বিল পরিশোধ করা হলেও বাকী বিল দেয়া বর্তমানে স্থগিত আছে। তিনি</p>		
8.	স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর	<p>নির্বাহী প্রকৌশলী স্থানীয় সরকার অংশগুলো এবারের মেইনটেন্যান্স ফান্ড প্রকৌশলী অধিদপ্তর বলেন, ওসমানীনগর থেকে সংস্কার করে দেয়া হবে। উপজেলা পরিষদ কমপ্লেক্সের নির্মাণ কাজের সময় নভেম্বর ২০২১ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে, নির্মাণ কাজ সমাপ্ত করার জন্য উপজেলা প্রকৌশলী ওসমানীনগরকে নির্দেশনা প্রদান করা হয়েছে। সংযোগ সড়কের কাজ অতি শীঘ্র শুরু করা হবে। তাছাড়া সালুটিকর-পেকেরখাল- গোয়াইনঘাট রাস্তায় জনদুর্তোগ লাঘবের জন্য জরুরী মেরামতের অনুমোদন নেয়া হয়েছে, যার মাধ্যমে অতিরিক্ত ক্ষতিগ্রস্ত অংশ সমূহ দ্রুত মেরামত করা হবে। এই অর্থবছরে এলজিইডি ৮১টি প্রকল্পের অনুমোদন পাওয়া গেছে। অক্টোবরের মধ্যে টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করে কার্যাদেশ প্রদান করেন। সভাপতি প্রকল্প গুলোর তালিকা সরবরাহ করার জন্য নির্বাহী প্রকৌশলীকে অনুরোধ জানান। তিনি বলেন উক্ত তালিকা উপজেলা ভিত্তিক ভাগ করে উপজেলা নির্বাহী অফিসার ও জনপ্রতিনিধিদের মাধ্যমে জনগণকে অবহিত করা যাবে।</p> <p>নির্বাহী প্রকৌশলী বলেন, গোয়াইনঘাট উপজেলার বঙ্গবীর-হাদারপাড় সড়কের কালভার্ট নির্মাণের কাজ বর্ষা মৌসুম চলে আসায় সম্পন্ন করা সম্ভব হয়নি, কালভার্ট নির্মাণের স্থানে পানি কমে গেলে কাজ শুরু করে দ্রুত সম্পন্ন করা হবে। তাছাড়া, বালাগঞ্জ উপজেলার চকসুলতানপুর সহ তিনটি প্রাইমারী স্কুলে কম্পিউটার ম্যাটেরিয়াল গুছিয়ে রাখা হয়েছে। নির্মাণকাজ শেষ হলে বাকী মালামাল অপসারণ করা হবে। চেয়ারম্যান গোয়াইনঘাট কালভার্ট দুটির কাজ দ্রুত সম্পন্ন করার অনুরোধ করেন।</p> <p>চেয়ারম্যান ফেঞ্চুগঞ্জ বলেন, তার উপজেলায় কয়েকটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের টেন্ডার প্রক্রিয়ায় জাল অভিজ্ঞতা সনদ দিয়ে কাজ নেয়ায় সেখানে অনিয়ম হয়েছে। ইতোমধ্যে আংশিক বিল পরিশোধ করা হলেও বাকী বিল দেয়া বর্তমানে স্থগিত আছে। তিনি</p>	<p>০১। যেসকল স্কুলে একটি মাত্র ভবন আছে সেখানে বিদ্যমান ভবন ভাঙ্গার আগেই পাঠদান কার্যক্রম চালু রাখার স্বার্থে অস্থায়ী শেড নির্মাণ করে কাজ শুরু করতে হবে।</p> <p>০২। সরকারের বিভিন্ন উন্নয়ন প্রকল্পের কাজ সঠিকভাবে আইনগত প্রক্রিয়ায় হচ্ছে কিনা সে ব্যাপারে মনিটরিং করতে হবে।</p> <p>৩। ফেঞ্চুগঞ্জ উপজেলায় সরকারি বিদ্যালয়ের কাজের টেন্ডার প্রক্রিয়ায় জাল অভিজ্ঞতা সনদ ব্যবহার করে কাজ পাওয়ার অভিযোগের বিষয়ে নির্বাহী প্রকৌশলী, এলজিইডি কর্তৃক তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে।</p> <p>৪। ফেঞ্চুগঞ্জ উপজেলায় জাইকার প্রকল্পের টেন্ডার প্রক্রিয়ায় অনিয়মের বিষয়ে উপজেলা পরিষদ চেয়ারম্যানের অভিযোগের বিষয়ে তদন্ত করে নির্বাহী প্রকৌশলী, এলজিইডি প্রতিবেদন দিবেন।</p> <p>৫। বাজেখেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভবন নির্মাণের জন্য দ্রুত কার্যকর ব্যবস্থা করতে হবে।</p> <p>৬। বালাগঞ্জ উপজেলার দক্ষিণ গহরপুর সপ্রাবি, গৌরিপুর সপ্রাবি, চকদৌলতপুর সপ্রাবি এর ভবনের কাজ সংশ্লিষ্ট ঠিকাদার কর্তৃক দ্রুত শুরু করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে।</p>	<p>১। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, সিলেট</p> <p>২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সিলেট</p>

বলেন জাইকা প্রকল্পের ৫০ লক্ষ টাকার কাজের টেন্ডার প্রক্রিয়ায় সর্বনিম্ন দরদাতা প্রায় ৪৯% হ্রাসে দর দেয়ায় তাকে কাজ না দিয়ে পুনরায় টেন্ডার করা হয়েছে। একই দরদাতা প্রায় ৮.৫% হ্রাসে দর দাখিল করেছে। প্রথমবার সর্বনিম্ন দরদাতাকে না দেয়াতে সরকারী অর্থ ব্যয়ে অনিয়ম হয়েছে মর্মে অভিযোগ করেন। তিনি বলেন তিনি এসব অনিয়মের বিষয়ে তদন্তপূর্বক ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। বিস্তারিত আলোচনার পর তার অভিযোগ দুটির বিষয়ে তদন্তপূর্বক ব্যবস্থা নেয়ার বিষয়ে আলোচনা হয়।

চেয়ারম্যান বালাগঞ্জ বলেন, দক্ষিণ গহরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, গৌরিপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, চকদৌলতপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কাজ শুরুর করার ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। জবাবে নির্বাহী প্রকৌশলী বলেন, এই তিনটি স্কুলে কাজ শুরুর বিষয়ে তিনি মনিটরিং করবেন।

চেয়ারম্যান বিয়ানীবাজার বলেন, বিয়ানীবাজারের বেশির ভাগ রাস্তা ভাঙা। রাস্তা মেরামতের জন্য কি পরিমাণ বরাদ্দ পাওয়া গেছে এবং কত কিলোমিটার রাস্তা মেরামত করা হয়েছে তা জানতে চান। জবাবে নির্বাহী প্রকৌশলী বলেন, সিলেটে এই বছরে ১২১ কি.মি. রাস্তা মেরামত করা হয়েছে।

ফেঞ্চুগঞ্জ উপজেলা পরিষদের চেয়ারম্যান বলেন, ইউসুফহালি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পুরাতন ভবন ভেঙ্গে ফেলা হয়েছে। কিন্তু নতুন ভবনের কাজ শুরু না হওয়ায় গাছের নীচে ক্লাস হচ্ছে।

উপজেলা নির্বাহী অফিসার, কানাইঘাট বলেন, বাজেখেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের জায়গা নদীগর্ভে বিলীন হওয়ায় গাছতলায় অস্থায়ীভাবে ক্লাস চলছে। এ প্রসঙ্গে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার বলেন, স্কুলের জায়গা স্থানান্তরের অনুমতির জন্য মহাপরিচালক বরাবরে পাঠানো হয়েছে। নির্বাহী প্রকৌশলী বলেন, জায়গার অনুমোদন পেলে নতুন ভবন নির্মাণের উদ্যোগ নেয়া হবে।

৫.	গণপূর্ত বিভাগ	<p>নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ বলেন, গণপূর্ত বিভাগ নির্মাণ কাজের প্রতিটি স্তরে সকল প্রত্যাশি সংস্থার সহিত আলোচনাক্রমে কাজ বাস্তবায়ন করে থাকে। তাছাড়া ওসমানীনগর, বালাগঞ্জ এবং গোয়াইনঘাট মডেল মসজিদের কাজ গুণগত মান ঠিক করে কাজ চলমান আছে। তিনি আরো বলেন, বিভাগীয় শহরে সরকারি মেডিকেল কলেজ হাসপাতালে ১০০ শয্যা বিশিষ্ট পূর্ণাঙ্গ ক্যান্সার চিকিৎসা কেন্দ্র স্থাপন শীর্ষক প্রকল্পের কাজ শীঘ্রই শুরু হবে।</p> <p>নির্বাহী প্রকৌশলী জানান, মাননীয় ক্যাবিনেট সচিব প্রতিটি উপজেলায় ১টি করে সরকারি সমন্বিত অফিস ভবন নির্মাণের জন্য আগ্রহ প্রকাশ করেছেন। এ প্রেক্ষিতে গণপূর্ত অধিদপ্তরের প্রধান প্রকৌশলী মহোদয় সকল জেলার নির্বাহী প্রকৌশলীগণকে উপজেলায় সমন্বিত সরকারি অফিস ভবন নির্মাণ সংক্রান্ত তথ্য উপস্থাপনের জন্য নির্দেশনা প্রদান করেছেন। নির্দেশনা মতে উপজেলায় পুরাতন আদালত ভবনের স্থানে যুব উন্নয়ন অধিদপ্তর, সমাজসেবা কার্যালয়, যুব ও ক্রীড়া অফিস, মহিলা বিষয়ক অধিদপ্তর এই চারটি অফিসকে নিয়ে সমন্বিত অফিস ভবন করা হবে। প্রাথমিক পর্যায়ে উপজেলা কমপ্লেক্স এর ডিজিটাল সার্ভে ও পুরাতন আদালত ভবনের জমি সংক্রান্ত তথ্যের প্রয়োজন। এ ব্যাপারে তিনি উপজেলা নির্বাহী অফিসারদের সহযোগিতা চান।</p> <p>সভাপতি সভায় বলেন, উপজেলা পরিষদ কমপ্লেক্সে প্রত্যেকের নিজস্ব অফিস আছে। যাদের অফিস নাই তাদেরকে অফিস দেওয়ার প্রয়োজন। জেলা পর্যায়ে অনেকের অফিস নাই। তাদের তালিকা প্রণয়ন করতে হবে। যেমন বিআরটির কার্যক্রম অনেক বিস্তৃত কিন্তু তাদের নিজস্ব কোন ভবন নাই।</p>	<p>১. জেলা ও উপজেলা পর্যায়ে যেসব সরকারী প্রতিষ্ঠানের নিজস্ব ভবন নেই তাদের তালিকা সভাপতি মহোদয়কে লিখিতভাবে প্রেরণ করতে হবে।</p> <p>২. সমন্বিত ভবন নির্মাণের ক্ষেত্রে জরাজীর্ণ সরকারি ভবন গুলোর নাম আগে প্রস্তাব করতে হবে।</p> <p>৩. যে সকল সরকারি অফিসের উপজেলা কমপ্লেক্স ভবনে বরাদ্দ রয়েছে সেখানে নতুন করে আলাদা অফিস করা যাবে না। উপজেলা কমপ্লেক্স ভবনে কোন কোন অফিস রয়েছে তার তালিকা সমন্বয় মিটিংয়ে উপস্থাপন করতে হবে।</p>	<p>১. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, সিলেট</p> <p>২. দপ্তর প্রধান (সকল) সিলেট</p> <p>৩. উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট</p>
৬.	ইসলামিক ফাউন্ডেশন	কোনো আলোচনাযোগ্য বিষয় উত্থাপিত হয়নি।		

৭.	জেলা পরিষদ	<p>প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ সিলেট বলেন, জেলা পরিষদের সভাপতির মৃত্যুতে কাজের কিছুটা বিঘ্ন ঘটেছে। তাছাড়া অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক আছে।</p> <p>উপজেলা নির্বাহী অফিসার, জৈন্তাপুর বলেন, সিলেট সদরের সীমানার পরে জৈন্তাপুরের প্রবেশমুখে জৈন্তিয়া গেটের অবস্থা জরাজীর্ণ। তাছাড়া বটগাছসহ অন্যান্য গাছপালায় ভরে গেছে।</p> <p>জৈন্তাপুরের পর্যটনকে বিকশিত করার জন্য গেটটাকে সংস্কার করে একটি দৃষ্টিনন্দন গেইট করার জন্য জেলা পরিষদকে তিনি অনুরোধ করেন।</p> <p>জবাবে প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন, সিলেট-তামাবিল সড়কটি চারলেন সড়ক করার পরিকল্পনা আছে বিধায় একাজ শুরু করতে সড়ক বিভাগের এনওসি লাগবে।</p> <p>জবাবে নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বলেন, চারলেন সড়কের এস্টিমেট ও ডিজাইন চূড়ান্ত হওয়ার আগে জৈন্তিয়া গেট এর কাজ করা যাবে না।</p>	<p>সিলেট-তামাবিল সড়কের চারলেনের এস্টিমেট ও ডিজাইন চূড়ান্ত হওয়ার পর জৈন্তিয়া গেটের সংস্কার ও দৃষ্টিনন্দন করার জন্য জেলা পরিষদে প্রস্তাব দিতে হবে।</p>	<p>০১। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সিলেট</p> <p>০২। উপজেলা নির্বাহী অফিসার, জৈন্তাপুর, সিলেট</p>
৮.	পানি উন্নয়ন বোর্ড	<p>নির্বাহী প্রকৌশলী “সিলেট জেলার সিলেট সদর ও বিশ্বনাথ উপজেলায় দশগ্রাম, মাহতাবপুর ও রাজাপুর পরগণা বাজার এলাকা সুরমা নদীর উভয় তীরের ভাঙ্গান হতে রক্ষা”: পরিচালন ব্যয় খাতের আওতায় বাঁধ মেরামত ও সংরক্ষণ খাতের অন্তর্ভুক্ত কাজসমূহ বোর্ড ও মন্ত্রণালয়ের বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে বাস্তবায়ন করা হবে।</p> <p>নির্বাহী প্রকৌশলী জানান, বিয়ানীবাজারের উপজেলার করতিয়া ও কাকুরা খালের রেগুলেটরটি বর্তমানে সচল আছে। রেগুলেটরের গেটের চাবি স্থানীয় সুবিধাভোগীদের সমন্বয়ে গঠিত কমিটির কাছে আছে এবং পানি বিপদসীমা অতিক্রম করলে তারা গেট বন্ধ করে দেন। কমিটির সদস্যদের মাঝে সমন্বয়ের অভাবে সমস্যা হচ্ছে।</p>	<p>১. বাঁধ মেরামত ও সংরক্ষণ খাতের অন্তর্ভুক্ত কাজসমূহ বোর্ড ও মন্ত্রণালয়ের বরাদ্দ অনুমোদিত হলে সংশ্লিষ্টদের চিঠির মাধ্যমে জানাতে হবে।</p> <p>২. উপজেলা পানি ব্যবস্থাপনা কমিটি বিয়ানীবাজারের করতিয়া ও কাকুরা খালে পানির হ্রাস-বৃদ্ধির সাথে সমন্বয় করে রেগুলেটর খোলা-বন্ধ করার বিষয়টি নিয়ন্ত্রণ করতে হবে।</p>	<p>নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, সিলেট</p>
৯.	এসএমপি	কোনো আলোচনাযোগ্য বিষয় উত্থাপিত হয়নি।		
১০.	পুলিশ সুপারের কার্যালয়	কোনো আলোচনাযোগ্য বিষয় উত্থাপিত হয়নি।		
১১.	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	কোনো আলোচনাযোগ্য বিষয় উত্থাপিত হয়নি।		

১২.	সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১	জেনারেল ম্যানেজার, সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১ বলেন, আশ্রয়ন প্রকল্পে বিদ্যুৎ সংযোগসহ সব ধরনের কার্যক্রম চলমান আছে। তাছাড়া ব্যাটারি চালিত অটোরিক্সার চালকেরা রাতের আঁধারে অবৈধভাবে বিদ্যুৎ ব্যবহার করছে এ ব্যাপারে সহযোগিতা কামনা করেন।	বিদ্যুৎ এর অপচয় রোধ করতে ব্যাটারি চালিত অটোরিক্সার অবৈধ চার্জের ব্যবহার বন্ধ করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ ব্যাপারে পল্লী বিদ্যুৎ বিভাগ যথাযথ উদ্যোগ গ্রহন করবে। সংশ্লিষ্ট অন্যান্য বিভাগ প্রয়োজনীয় সহযোগিতা করবেন।	০১। জেনারেল ম্যানেজার, সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১ ০২। পুলিশ সুপার, সিলেট ৩। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সিলেট
১৩.	সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২	কোনো আলোচনাযোগ্য বিষয় উত্থাপিত হয়নি।		
১৪.	কৃষি সম্প্রসারণ অধিদপ্তর	উপপরিচালক কৃষি সম্প্রসারণ অধিদপ্তর বলেন, এ বছর ৫০ হাজার মেট্রিক টন আউশ কম হয়েছে যা রোপা আমনের মাধ্যমে পূরণ করতে হবে। বোরো মৌসুমের উৎপাদন বৃদ্ধির দিকে বিশেষ গুরুত্ব দিতে হবে। এ ক্ষেত্রে নির্বাহী প্রকৌশলী (সেচ), বিএডিসি, সিলেট এবং উপপরিচালক (বীজ), বিএডিসি, সিলেটকে অনুরোধ করেন আগাম প্রস্তুতি নেওয়ার জন্য। রবি মৌসুমে ধান, সরিষা, পিঁয়াজের বীজ যাতে সঠিক সময়ে পাওয়া যায় সে ব্যাপারে সহযোগিতা কামনা করেন। সারের কোন সংকট নাই, সার মজুদ পর্যাপ্ত আছে জানান। বিয়ানীবাজার, জৈন্তাপুর, গোলাপগঞ্জ উপজেলার পাহাড়ি টিলায় বাণিজ্যিকভাবে কফির চাষের পরীক্ষামূলক কার্যক্রম শুরু করা হয়েছে। ইতোমধ্যে ১৫০ জনকে প্রশিক্ষণ ও বিনামূল্যে বীজ বিতরণ করা হয়েছে। প্রাথমিকভাবে সরকার কফির বীজ কিনবে। উৎপাদন ভালো হলে প্রসেসিং সেন্টার নির্মাণ করা হবে।	১. নির্বাহী প্রকৌশলী (সেচ), বিএডিসি, সিলেট এবং উপপরিচালক (বীজ), বিএডিসি, সিলেটকে বোরো মৌসুমে উৎপাদন বৃদ্ধির সকল আগাম প্রস্তুতি গ্রহণ করবে। ২. উপজেলা পরিষদ থেকে কৃষকদের যথা সময়ে ধান, বীজ সরবরাহ করতে হবে।	০১। নির্বাহী প্রকৌশলী বিএডিসি (সেচ), সিলেট ০২। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট ০৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট
১৪.	বিএডিসি (সেচ), বিভাগ	নির্বাহী প্রকৌশলী বলেন আসন্ন বোরো মৌসুমে সেচ কাজের জন্য পর্যাপ্ত পাম্পের ব্যবস্থা করা হয়েছে। গত বছর সেচ কাজের জন্য ব্যবহৃত ট্রান্সফর্মার পল্লী বিদ্যুৎ কর্তৃক যথাসময়ে খুলে না নেয়াতে বেশ কয়েকটি ট্রান্সফর্মার চুরি হয়েছে। তিনি এ বছর এ বিষয়ে পল্লী বিদ্যুৎ বিভাগের সহযোগিতা কামনা করেন।	বিএডিসি (সেচ), বিভাগ ও পল্লী বিদ্যুৎ বিভাগ সমন্বয়ের মাধ্যমে ট্রান্সফর্মার স্থাপন ও অপসারণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা করবেন।	নির্বাহী প্রকৌশলী, বিএডিসি (সেচ)

১৫.	জেলা খাদ্য বিভাগ	জেলা খাদ্য নিয়ন্ত্রক বলেন, চলতি মৌসুমে এখন পর্যন্ত লক্ষ্যমাত্রার চেয়ে ১৮-৬৫ মে. টন ধান (১৭% বেশী) বেশি সংগ্রহ করা সম্ভব হয়েছে। তিনি এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। সভাপতি বলেন এবার আমনের উৎপাদন ভালো না হওয়াতে সামনের মৌসুমে ধান সংগ্রহে আরো বেশি সতর্ক হতে হবে।	সঠিক পরিকল্পনা ও নিয়মিত তদারকির মাধ্যমে লক্ষ্যমাত্রা অনুযায়ী ধান ও চাল সংগ্রহের এ ধারা ভবিষ্যতে অব্যাহত রাখতে হবে।	১। জেলা খাদ্য বিভাগ ২। সংশ্লিষ্ট সকল দপ্তর
১৬.	জেলা মৎস্য বিভাগ	জেলা মৎস্য কর্মকর্তা বলেন, অবৈধ উপায়ে জলাশয় হতে মৎস্য আহরণ বন্ধে স্থানীয় প্রশাসন, জনপ্রতিনিধি এবং সংশ্লিষ্ট সকলের সহযোগিতা প্রয়োজন। গোয়াইনঘাট উপজেলার জলমহাল খনন কাজে পর্যাপ্ত বরাদ্দ না পাওয়ায় চাহিদা অনুযায়ী কাজ সম্পন্ন হয়নি। হরিপুর ইউনিয়নে খালে অবৈধভাবে বাঁধ দিয়ে মাছ ধরা নিয়ন্ত্রণে উপজেলা নির্বাহী অফিসারগণের সহযোগিতা কামনা করেন। সভাপতি মহোদয় অন্যান্য উপজেলায় খালের উপর অবৈধভাবে বাঁধ নির্মাণ করছে কিনা জানতে চেয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে বলেন।	মাছের স্বাভাবিক চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টিকারীদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ পানি প্রবাহের পথে অবৈধ স্থাপনা উচ্ছেদে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।	০১। জেলা মৎস্য কর্মকর্তা, সিলেট ০২। উপজেলা নির্বাহী অফিসার (সকল) সিলেট
১৭.	জেলা প্রাণিসম্পদ বিভাগ	কোনো আলোচনায়োগ্য বিষয় উত্থাপিত হয়নি		

১৮.	সিলেট বন বিভাগ	<p>বিভাগীয় বন কর্মকর্তা বলেন, চলতি ২০২১-২২ অর্থবছরে জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব নিরসনে সিলেট বন বিভাগে পুনঃবনায়ন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প এর আওতায় প্রাকৃতিক পরিবেশের উপযোগী বন সৃজনের পরিকল্পনা রয়েছে। তাছাড়া তিনি বলেন, রাতারগুল সোয়াস্প ফরেস্ট সম্পূর্ণ বন বিভাগের নিয়ন্ত্রণাধীন। কিন্তু জেলা পরিষদ কর্তৃক ইজারা প্রদান সংক্রান্ত-২০০৭ এর শর্ত অনুযায়ী "মোটরঘাট থেকে ছেড়ে যাওয়া (দুই মাইল সীমানার মধ্যে অবস্থিত) পর্যটকবাহী সকল নৌকা মোটরঘাট খেয়াঘাটের অধীনে বিবেচিত হবে" - এই শর্তটি সংশোধন প্রয়োজন। অন্যথায় পর্যটকদের হয়রানির আশংকা রয়েছে। প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন, আইনগতভাবে মোটরঘাট/খেয়াঘাট খাস কালেকশন করা হচ্ছে। উপজেলা নির্বাহী অফিসার, গোয়াইনঘাট বলেন, খেয়াঘাট থেকে ভাড়া আদায়ের সুনির্দিষ্ট পরিমাণ নেই। নৌকা ৩ টি ঘাট থেকে ঢোকান কারণে ভাড়া আদায় অনিয়ন্ত্রিত। গত কয়েকবছর টেন্ডার না হওয়া সত্ত্বেও ০১ জন ০৪ বছর যাবত ভাড়া আদায় করছে। ভাড়া আদায়ে মোটরঘাট, চৌরঙ্গীঘাট ও চৌমুহনীঘাটে সমন্বিত উদ্যোগ নেয়া প্রয়োজন।</p>	<p>১. রাতারগুল সোয়াস্প ফরেস্ট খেয়াঘাটে ভাড়া আদায়ের ব্যাপারে বন বিভাগ ও জেলা পরিষদের মধ্যে সমন্বয় করতে হবে। ২. খেয়াঘাট থেকে ভাড়া আদায়ের অনিয়মের ব্যাপারে দ্রুত তদন্ত করে ব্যবস্থা গ্রহণ করতে হবে। ৩. খেয়াঘাট থেকে যারা খাস আদায় করছে তাদের নির্দিষ্ট রেট নির্ধারণ করে দিতে হবে।</p>	<p>১. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সিলেট ২. বিভাগীয় বন কর্মকর্তা, সিলেট</p>
১৯.	পরিবেশ অধিদপ্তর	<p>পরিচালক, পরিবেশ অধিদপ্তর বলেন, বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। যারা অবৈধভাবে পাহাড়-টিলা কেটে বালু পাথর সংগ্রহ করছে তাদের বিরুদ্ধে অভিযান অব্যাহত আছে। সভাপতি ইসিএডুজ্ঞ এলাকায় মাইকিং করার জন্য এবং অভিযান জোরদার করার বিষয়ে মতামত প্রদান করেন।</p>	<p>১। অবৈধভাবে পাহাড়-টিলা কেটে বালু পাথর সংগ্রহকারীদের বিরুদ্ধে অভিযান অব্যাহত রাখতে হবে। ২। ইসিএডুজ্ঞ এলাকায় প্রচার ও অভিযান জোরদার করতে হবে।</p>	<p>পরিচালক, পরিবেশ অধিদপ্তর, সিলেট</p>
২০.	শিক্ষা প্রকৌশল অধিদপ্তর	<p>নির্বাহী প্রকৌশলী জানান বর্তমানে ১২ টি প্রজেক্টের কাজ চলমান আছে। কয়েকটি প্রজেক্টে ফান্ডের অভাবে কাজে ধীরগতি রয়েছে। সভাপতি কাজের গুণগত মান সঠিক রাখার জন্য তদারকি বৃদ্ধির প্রতি গুরুত্বারোপ করেন।</p>	<p>সকল প্রজেক্টের কাজ গুণগত মান ঠিক রেখে সম্পন্ন করতে হবে।</p>	<p>নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, সিলেট</p>

২১.	জেলা শিক্ষা অফিস	জেলা শিক্ষা কর্মকর্তা বলেন, শিক্ষা মন্ত্রণালয় ও মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর-এর নির্দেশনা অনুযায়ী কোভিড-১৯ পরবর্তী সময়ে স্বাস্থ্যবিধি মেনে ১২/০৯/২০২১ খ্রি. তারিখ হতে শিক্ষা প্রতিষ্ঠানে শ্রেণি পাঠদান শুরু হয়েছে। বর্তমান করোনা পরিস্থিতির মধ্যে স্বাস্থ্যবিধি মেনে অফিসের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। দাপ্তরিক কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে কোনো সমস্যা নেই। শিক্ষক-কর্মচারীদের মধ্যে করোনার টিকা গ্রহণকারীদের তালিকা মাউশিতে পাঠানো হয়েছে।	১.শিক্ষক-কর্মচারী সকলকে বাধ্যতামূলক করোনার টিকার রেজিস্ট্রেশন করতে হবে এবং টিকা গ্রহণ করতে হবে। ২.অদ্যাবধি কতজন কর্মকর্তা-কর্মচারী টিকার আওতায় এসেছেন তার তথ্য সভায় উপস্থাপন করতে হবে।	জেলা শিক্ষা কর্মকর্তা, সিলেট
২২.	জেলা প্রাথমিক শিক্ষা অফিস	জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা বলেন, গত ১২ সেপ্টেম্বর ২০২১ খ্রি: থেকে প্রাথমিক বিদ্যালয়সমূহে স্বাস্থ্যবিধি মেনে পাঠদান কার্যক্রম পুনরায় শুরু হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগ এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের নির্দেশনা যথাযথ অনুসরণপূর্বক বিদ্যালয়সমূহে পাঠদান কার্যক্রম চলছে। জেলার প্রাথমিক শিক্ষা বিভাগীয় কর্মকর্তাগণ এবং জেলা/উপজেলা প্রশাসনের কর্মকর্তাগণ বিদ্যালয় পরিদর্শনপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক পাঠদান পরিচালনার বিষয়টি মনিটরিং করছেন।	১.শিক্ষক-কর্মচারী সকলকে বাধ্যতামূলক করোনার টিকার রেজিস্ট্রেশন করতে হবে এবং টিকা গ্রহণ করতে হবে। ২.অদ্যাবধি কতজন কর্মকর্তা-কর্মচারী টিকার আওতায় এসেছেন তার তথ্য মিটিংয়ে উপস্থাপন করতে হবে। ৩.বিদ্যালয়সমূহে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক পাঠদান পরিচালনার বিষয়টি নিয়মিত মনিটরিং করতে হবে।	জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, সিলেট
২৩.	জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো	সহকারী পরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো বলেন, ৮-১৪ বছর বয়সী ঝরে পড়া ও কখনো স্কুলে যায়নি এমন জরিপকৃত শিশুর তথ্য যাচাই-বাছাই কার্যক্রম চলমান আছে। স্বাস্থ্যবিধি মেনে ১২/০৯/২০২১ তারিখ হতে শিখন কেন্দ্রগুলো চাৰু করা হয়েছে।	স্বাস্থ্যবিধি মেনে শিখন কেন্দ্রের কার্যক্রম পরিচালনা করতে হবে।	সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো

২৪.	জেলা সমাজসেবা কার্যালয়	জেলা সমাজসেবা কর্মকর্তা বলেন, সমাজসেবা অধিদফতরের অধীন সিলেট জেলার প্রতিষ্ঠান সমূহের কার্যক্রম নিবিড়ভাবে তদারকি করা হচ্ছে। বিভাগীয় কার্যালয়ের নির্দেশে প্রতিদিন বিভাগ ও জেলার উপপরিচালক, সহকারী পরিচালকগণ একটি করে প্রতিষ্ঠান পরিদর্শন করছেন। তাছাড়া, বিভাগীয় সমাজসেবা কার্যালয়ের উদ্যোগে প্রতিদিন সন্ধ্যার পর প্রতিষ্ঠান প্রধান এবং কর্মচারীদের সাথে সরাসরি আলোচনা করে নিবাসীদের খোঁজ নেয়া হচ্ছে। সিসি ক্যামেরা নিয়মিত তদারকি করা হচ্ছে। উপজেলা নির্বাহী অফিসার, জৈন্তাপুর বলেন, জৈন্তাপুর উপজেলায় ব্যাংক এশিয়ার এজেন্ট ব্যাংকিং কর্তৃক সমাজসেবা অধিদপ্তরের মাধ্যমে পরিচালিত বিভিন্ন ভাতা বিতরণ করা হয়। বর্তমানে ভাতা বিতরণ কালে ভাতাভোগীদের কাছ থেকে সার্ভিস চার্জ নামে অর্থ কেটে রাখছে। প্রায়ই অল্প সংখ্যক ভাতাভোগীর মাঝে ভাতা বিতরণ করে চলে যায়। ইউপি চেয়ারম্যানদের সাথে অসৌজন্যমূলক আচরণের অভিযোগ পাওয়া যাচ্ছে বলে তিনি উল্লেখ করেন। সভাপতি এ বিষয়ে কি ব্যবস্থা নেয়া হয়েছে জানতে চাইলে উপপরিচালক, সমাজসেবা বলেন বিষয়টি অধিদফতরে জানানো হয়েছে। তারা লিখিত প্রতিবেদন চেয়েছে। সভাপতি এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার, জৈন্তাপুরকে লিখিত প্রতিবেদন দিতে বলেন। তিনি জানুয়ারি/২০২১ হতে জুন/২০২১ বীর মুক্তিযোদ্ধাদের ভাতা বিতরণে উপজেলা হতে বকেয়া টাকার তালিকা দ্রুত প্রেরণ করার অনুরোধ করেন।	১. ব্যাংক এশিয়ার বিরুদ্ধে বয়স্কভাতা ও প্রতিবন্ধী ভাতা বিতরণে নিয়ম বহির্ভূতভাবে অর্থ আদায়, অসৌজন্যমূলক আচরণ ও হয়রানি সংক্রান্ত বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার, জৈন্তাপুর লিখিত প্রতিবেদন দিবেন। ২. জানুয়ারি/২০২১ হতে জুন/২০২১ পর্যন্ত বকেয়া মুক্তিযোদ্ধা ভাতা বিতরণ করতে সকল উপজেলা থেকে মুক্তিযোদ্ধাদের তালিকা দ্রুত প্রেরণ করতে হবে।	১. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, সিলেট ২. উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট
হী২৫.	প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র	প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা বলেন, আগস্ট/২০২১ মাসে নতুন ২৫ জন রোগীকে সেবা দেওয়া হয়েছে। শুরুর হতে ৩১ আগস্ট/২০২১ পর্যন্ত রেজিস্ট্রেশনকৃত মোট রোগী ৭৪০৮ জন।	৫০টি হইল চেয়ার বিতরণে উপজেলাওয়ারী বিভাজন করে উপজেলা নির্বাহী অফিসারদেরকে জানাতে হবে।	প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, সিলেট
২৬.	মহিলা বিষয়ক অধিদপ্তর	উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর বলেন জেলা ও উপজেলা বাল্য বিবাহ প্রতিরোধ কমিটির কার্যক্রম আরো গতিশীল করার জন্য নির্দেশনা এসেছে।	জেলা ও উপজেলা বাল্য বিবাহ প্রতিরোধ কমিটির সভা নিয়মিত আয়োজন করতে হবে।	১। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)
২৭.	জেলা শিশু একাডেমী	কোনো আলোচনাযোগ্য বিষয় উত্থাপিত হয়নি।		


২৮.	যুব উন্নয়ন অধিদপ্তর	কোন আলোচনাযোগ্য বিষয় উত্থাপিত হয়নি।		
২৯.	ঔষধ প্রশাসন	কোন আলোচনাযোগ্য বিষয় উত্থাপিত হয়নি।		
৩০.	জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর	কোনো আলোচনাযোগ্য বিষয় উত্থাপিত হয়নি।		
৩১.	জেলা নির্বাচন অফিস	কোনো আলোচনাযোগ্য বিষয় উত্থাপিত হয়নি।		
৩২.	বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস	কোনো আলোচনাযোগ্য বিষয় উত্থাপিত হয়নি।		
৩৩.	জেলা তথ্য অফিস	কোনো আলোচনাযোগ্য বিষয় উত্থাপিত হয়নি।		
৩৪.	পিডিবিএফ	কোনো আলোচনাযোগ্য বিষয় উত্থাপিত হয়নি।		
৩৫.	বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার	কোনো আলোচনাযোগ্য বিষয় উত্থাপিত হয়নি।		
৩৬.	বিআরডিবি	কোনো আলোচনাযোগ্য বিষয় উত্থাপিত হয়নি।		
৩৭.	জেলা পরিসংখ্যান অফিস	কোনো আলোচনাযোগ্য বিষয় উত্থাপিত হয়নি।		
৩৮.	জেলা ক্রীড়া অফিস	কোনো আলোচনাযোগ্য বিষয় উত্থাপিত হয়নি।		
৩৯.	জেলা সমবায় অফিস	জেলা সমবায় কর্মকর্তা বলেন, মুজিববর্ষে নির্মিত আশ্রয়ন প্রকল্প গুলোতে সমবায় সমিতি করার নির্দেশনা পাওয়া গেছে। সভাপতি নির্দেশনা অনুযায়ী সমবায় সমিতি গঠনের জন্য অনুরোধ করেন।	আশ্রয়ন -২ প্রকল্পের আওতায় মুজিববর্ষে নির্মিত গৃহসমূহে বসবাসরত উপকারভোগীদের নিয়ে সমবায় সমিতি গঠন করতে হবে।	জেলা সমবায় কর্মকর্তা, সিলেট
৪০.	বিসিক	কোনো আলোচনাযোগ্য বিষয় উত্থাপিত হয়নি।		
৪১.	নগর উন্নয়ন অধিদপ্তর	কোনো আলোচনাযোগ্য বিষয় উত্থাপিত হয়নি।		
৪২.	বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল	কোনো আলোচনাযোগ্য বিষয় উত্থাপিত হয়নি।		
৪৩.	বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর	আবহাওয়াবিদ বলেন, এ বছর স্বাভাবিকের তুলনায় ৩৮% বৃষ্টি কম হয়েছে। সুতরাং সেচের জন্য পূর্ব প্রস্তুতি গ্রহন করা জরুরী।	বৃষ্টিপাত কম হওয়ায় কৃষি বিভাগ ও বিএডিসি (সেচ) বিভাগ কর্তৃক আগাম সেচের প্রস্তুতি গ্রহন করতে হবে।	১। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট ২। নির্বাহী প্রকৌশলী, বিএডিসি (সেচ)
৪৪.	বাংলাদেশ শিল্পকলা একাডেমি	কোনো আলোচনাযোগ্য বিষয় উত্থাপিত হয়নি।		
৪৫.	বিটিসিএল	কোনো আলোচনাযোগ্য বিষয় উত্থাপিত হয়নি।		
৪৬.	জেলা ডাক বিভাগ	কোনো আলোচনাযোগ্য বিষয় উত্থাপিত হয়নি।		
৪৭.	বাংলাদেশ রেলওয়ে	কোনো আলোচনাযোগ্য বিষয় উত্থাপিত হয়নি।		
৪৮.	আঞ্চলিক শ্রম দপ্তর	কোনো আলোচনাযোগ্য বিষয় উত্থাপিত হয়নি।		

৪৯.	উঁাত প্রশিক্ষণ কেন্দ্র			
৫০.	বিবিধ	<p>(ক) তথ্য প্রযুক্তির ব্যবহার ও ই-ফাইলিং কার্যক্রমঃ তথ্য প্রযুক্তির ব্যবহার দেশের সর্বক্ষেত্রে উন্নয়ন ও অগ্রগতির একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ অনুষঙ্গ বিবেচনায় সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। প্রত্যেক সরকারি/বেসরকারি অফিসে কম্পিউটার, ই-মেইল ও ইন্টারনেটের ব্যবহার নিশ্চিত করার জন্যও সংশ্লিষ্টদের অনুরোধ জানানো হয়। সকল বিভাগ কে ই-ফাইলে সংযুক্ত হওয়া এবং ই-নথির মাধ্যমে অফিসের যাবতীয় কার্যক্রম পরিচালনার অনুরোধ করা হয়। অফিসের কাজে ব্যক্তিগত কোন ই-মেইল ব্যবহার করা যাবে মর্মে উল্লেখ করা হয়। সকল বিভাগকে স্ব-স্ব অফিসের নামে ই-মেইল চালুপূর্বক অফিসের কার্যক্রম অফিসের ই-মেইলের মাধ্যমে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়।</p>	<p>১. সকল দপ্তরসমূহে যোগাযোগের ক্ষেত্রে অফিসিয়াল ই-মেইল ব্যবহার করতে হবে। অফিসিয়াল ইমেইল সক্রিয় না থাকলে দ্রুততার সাথে সক্রিয় করতে হবে।</p> <p>২. সকল বিভাগ কে ই-ফাইলে সংযুক্ত হওয়া এবং ই-নথির মাধ্যমে অফিসের যাবতীয় কার্যক্রম পরিচালনা করতে হবে। ই-নথি সংক্রান্ত কোন প্রশিক্ষণের প্রয়োজন হলে এ অফিসে যোগাযোগ করতে হবে।</p>	<p>১। দপ্তর প্রধান (সকল)</p> <p>২। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সিলেট</p>
		<p>(খ) ভিশন-২০২১ বাস্তবায়নঃ ভিশন-২০২১ বর্তমান সরকারের একটি গুরুত্বপূর্ণ অঙ্গীকার। এ অঙ্গীকারের বিভিন্ন লক্ষ্যমাত্রাগুলো যথাসময়ে অর্জনের মাধ্যমে স্বপ্নের বাংলাদেশ গড়া সম্ভব। সে লক্ষ্যে জনপ্রতিনিধিসহ সরকারের সকল বিভাগের সরকারি ও বেসরকারি কর্মকর্তা/কর্মচারীদের উপর অর্পিত দায়িত্ব সঠিকভাবে পালন করা অপরিহার্য। সরকারের এই ভিশন বাস্তবায়নে সবাইকে সচেষ্ট থাকার অনুরোধ করা হয়।</p>	<p>ভিশন-২০২১ এর লক্ষ্যসমূহের আলোকে বার্ষিক কর্মসম্পাদন চুক্তিসহ অন্যান্য পরিকল্পনা বা কর্মকৌশল প্রণয়ন করতে হবে।</p>	<p>১। দপ্তর প্রধান (সকল)</p> <p>২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল)</p> <p>৩। মেয়র, পৌরসভা (সকল)</p> <p>৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল)</p>

<p>(গ) দক্ষ শ্রমশক্তি সৃষ্টির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদানঃ প্রবাসী কল্যাণ ভবন, প্রশিক্ষণ অধিশাখা, ঢাকা ও ২৬ জানুয়ারি-২০১৫ তারিখের ২৬৮ নম্বর স্মারকে মাননীয় প্রধানমন্ত্রীর গত ২৩-১১-২০১৪ তারিখে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় পরিদর্শনকালে প্রদত্ত নির্দেশনা বাস্তবায়নের অনুরোধ জানানো হয়।</p> <p>মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পরিদর্শনকালীন দিক নির্দেশনা নিম্নরূপঃ</p> <p>১। বিদেশে বাংলাদেশী কর্মীদের আরো অধিক হারে কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ ও দক্ষ শ্রমশক্তি সৃষ্টির জন্য প্রশিক্ষণ কার্যক্রম জোরদার করতে হবে।</p> <p>২। জাতীয় দক্ষতা উন্নয়ন নীতিমালার আলোকে অন্যান্য যে সকল মন্ত্রণালয় ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করে থাকে তাদের সঙ্গে সমন্বয়পূর্বক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে অধিক হারে দক্ষ জনশক্তি সৃষ্টি করতে হবে। মাননীয় প্রধানমন্ত্রীর দিক নির্দেশনামূলক বক্তব্য প্রশিক্ষণের সাথে সম্পৃক্ত সকল বিভাগ যথাযথভাবে বাস্তবায়ন পূর্বক এর অগ্রগতি প্রতিবেদন নিয়মিত প্রবাসী কল্যাণ ভবন, প্রশিক্ষণ অধিশাখায় প্রেরণের বিষয়ে সংশ্লিষ্টদের অনুরোধ জানানো হয়।</p>	<p>জাতীয় দক্ষতা উন্নয়ন নীতিমালার আলোকে স্থানীয় চাহিদার নিরিখে প্রশিক্ষণ পরিকল্পনা প্রণয়ন করবে।</p>	<p>দপ্তর প্রধান (সংশ্লিষ্ট সকল)</p>
<p>(ঘ) দুর্নীতি প্রতিরোধ সংক্রান্তঃ দুর্নীতি একটি সামাজিক ব্যাধি এবং জাতীয় উন্নয়ন ও অগ্রগতির অন্যতম প্রতিবন্ধক। ফলশ্রুতিতে দেশীয় ও বৈদেশিক বিনিয়োগ কাঙ্ক্ষিত পর্যায়ে এখনও পৌঁছেনি। বিভিন্ন প্রতিষ্ঠানের গবেষণায় দেখা গেছে যে, দুর্নীতি রোধ করতে পারলে দেশের জিডিপি প্রতি বছর প্রায় ২% বৃদ্ধি করা সম্ভব। তাই দুর্নীতি প্রতিরোধে প্রো-এ্যাকটিভ মনিটরিংয়ের মাধ্যমে রাষ্ট্রীয় পর্যায়ে সরকারি ক্রয়-প্রক্রিয়া, জনবল নিয়োগ, প্রকল্প গ্রহণ ও প্রকল্প বাস্তবায়নে জেলার আওতাধীন দপ্তরসমূহের দুর্নীতির ধূসর এলাকাসমূহ শনাক্তকরণপূর্বক দুর্নীতি দমন কর্মসূচির আওতাভুক্ত করণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।</p> <p>সূত্র: মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর ১৯/০৩/২০১৭ তারিখের ০৪.০০.০০০০.৫২১.৩৫.০৬২.১৫-৮৫ নম্বর ডি.ও পত্র।</p>	<p>দুর্নীতি প্রতিরোধে তথ্য প্রবাহ নিশ্চিত করতে হবে। সরকারি অফিসের ওয়েবসাইটসমূহে হালনাগাদ তথ্য প্রদান করতে হবে।</p>	<p>দপ্তর প্রধান (সকল)</p>

	(ঙ)জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নঃসুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজন এবং সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে করণীয় বিষয়ে অদ্য সভায় আলোচনা হয়। প্রতি মাসে অনুষ্ঠিত জেলা উন্নয়ন সমন্বয় সভায় জেলা পর্যায়ের সরকারি দপ্তরসমূহ অংশগ্রহণ করে বিধায় সকলের অংশগ্রহণে শুদ্ধাচার ও উত্তম চর্চা বিষয়ে আলোচনা করা সম্ভব হবে।	১)সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে নিয়মিত সভা আয়োজন এবং সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।	দপ্তর প্রধান (সকল)
--	---	---	--------------------

পরিশেষে জেলার বিভিন্ন বিভাগের গৃহীত উন্নয়ন কার্যক্রম মানসম্মতভাবে যথাসময়ে বাস্তবায়নের মাধ্যমে সরকারের
অঙ্গীকার পূরণে সকলের সার্বিক সহযোগিতা কামনা করে সকলকে ধন্যবাদ ও সভায় নিয়মিত উপস্থিত হওয়ার আহ্বান
জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



এম কাজী এমদাদুল ইসলাম
জেলা প্রশাসক, সিলেট

স্মারক নম্বর: ০৫.৪৬.৯১০০.০১০.০৬.০০৫.২০.৭৫০

তারিখ: ২১ আশ্বিন ১৪২৮


০৬ অক্টোবর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৩) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৪) বিভাগীয় কমিশনার, সিলেট
- ৫) প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন
- ৬) পুলিশ সুপার, সিলেট
- ৭) সিভিল সার্জন, সিলেট
- ৮) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সিলেট
- ৯) অধ্যক্ষ,.....(সকল), সিলেট
- ১০) উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
- ১১) উপপুলিশ কমিশনার (সদর ও প্রশাসন), এসএমপি
- ১২) অতিরিক্ত জেলা প্রশাসক, সার্বিক, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
- ১৩) নির্বাহী প্রকৌশলী (সকল), সিলেট
- ১৪) পরিচালক, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, সিলেট
- ১৫) পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন সিলেট বিভাগীয় কার্যালয়
- ১৬) বিভাগীয় বন কর্মকর্তা, সিলেট
- ১৭) জেলা প্রাণিসম্পদ অফিসার, জেলা প্রাণিসম্পদ অফিস, জেলা প্রাণিসম্পদ কার্যালয়, সিলেট
- ১৮) জেলা মৎস্য কর্মকর্তা, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, সিলেট

- ১৯) আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, সিলেট
- ২০) পরিচালক/উপপরিচালক, (সকল), সিলেট
- ২১) জেলা কমান্ড্যান্ট, জেলা কমান্ড্যান্ট এর দপ্তর, জেলা আনসার ও ভিডিপি কার্যালয়, সিলেট
- ২২) চেয়ারম্যান উপজেলা পরিষদ (সকল), সিলেট
- ২৩) উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর/সিলেট/বালাগঞ্জ/সিলেট/জৈন্তাপুর/সিলেট
- ২৪) মেয়র,-----পৌরসভা (সকল), সিলেট
- ২৫) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিস, সিলেট
- ২৬) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, জেলা শিক্ষা অফিস, সিলেট
- ২৭) সহকারী পরিচালক.....(সকল),সিলেট
- ২৮) জেনারেল ম্যানেজার, সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১
- ২৯) জেনারেল ম্যানেজার (চলতি দায়িত্ব), সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২
- ৩০) জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, সিলেট
- ৩১) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, ত্রাণ ও পুনর্বাসন শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
- ৩২) জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, বাংলাদেশ শিশু একাডেমি, সিলেট
- ৩৩) জেলা মার্কেটিং অফিসার, সিলেট
- ৩৪) জেলা ক্রীড়া অফিসার, জেলা ক্রীড়া অফিসারের কার্যালয়, জেলা ক্রীড়া অফিস, সিলেট
- ৩৫) জেলা রেজিস্ট্রার, সিলেট
- ৩৬) জেলা নির্বাচন অফিসার, সিলেট
- ৩৭) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সিলেট
- ৩৮) জেলা কালচারাল অফিসার, জেলা শিল্পকলা একাডেমি, সিলেট
- ৩৯) জেলা সমবায় অফিসার, জেলা সমবায় অফিস, সিলেট
- ৪০) উপ-মহাব্যবস্থাপক, বিসিক, খাদিমনগর, সিলেট
- ৪১) উপ-কমিশনার, আবগারী ও ভ্যাট বিভাগ, সিলেট
- ৪২) উপ-মহাব্যবস্থাপক, জালালাবাদ গ্যাস, সিলেট
- ৪৩) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন
- ৪৪) উপমহাব্যবস্থাপক (টেলিকম), বিটিসিএল, সিলেট
- ৪৫) ডেপুটি পোস্ট মাস্টার জেনারেল, সিলেট
- ৪৬) স্টেশন ম্যানেজার, সিলেট রেলওয়ে স্টেশন, সিলেট
- ৪৭) সুপারিনটেনডেন্ট, পিটিআই, সিলেট
- ৪৮) সিনিয়র প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট
- ৪৯) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, সাইট্রাস গবেষণা কেন্দ্র, জৈন্তাপুর, সিলেট
- ৫০) উপ মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, সিলেট
- ৫১) আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, সিলেট
- ৫২) আবহাওয়াবিদ, নির্ভরশীল আবহাওয়া অফিস, সিলেট
- ৫৩) প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, সিলেট
- ৫৪) আঞ্চলিক প্রশিক্ষণ কর্মকর্তা, ধর্মীয় ও আর্থ সামাজিক প্রেক্ষাপটে পুরোহিত, সেবাইতদের দক্ষতা বৃদ্ধিকরণ কার্যক্রম, সিলেট
- ৫৫) উপব্যবস্থাপক (বিক্রয়), মেঘনা পেট্রোলিয়াম লি: সিলেট
- ৫৬) ব্যবস্থাপক, যমুনা অয়েল কোম্পানী লি: সিলেট
- ৫৭) ব্যবস্থাপক, পদ্মা অয়েল কোম্পানী লি: ,সিলেট

৫৮) প্রতিনিধি, ব্যবস্থাপনা পরিচালক, পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ (পিজিসিবি) লি: ঢাকা



এম কাজী এমদাদুল ইসলাম

জেলা প্রশাসক

সিলেট জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সেপ্টেম্বর/২০২১ মাসের সভার উপস্থিতি বিবরণী

উপস্থিত সদস্যগণের তালিকাঃ পরিশিষ্ট-“ ক ” (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সিলেট
২. সিডিল সার্জন, সিলেট
৩. উপপরিচালক, স্থানীয় সরকার, সিলেট
৪. নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সিলেট
৫. নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, সিলেট
৬. নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, সিলেট
৭. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, সিলেট
৮. নির্বাহী প্রকৌশলী, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সিলেট
৯. নির্বাহী প্রকৌশলী, বিএডিসি (সেচ), সিলেট
১০. নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট
১১. নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, সিলেট
১২. নির্বাহী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট
১৩. বিভাগীয় বন কর্মকর্তা, সিলেট বন বিভাগ, সিলেট
১৪. পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, সিলেট
১৫. পরিচালক, পরিবেশ অধিদপ্তর, সিলেট
১৬. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট
১৭. উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, সিলেট
১৮. উপপরিচালক (বীজ বিপনন), বিএডিসি, সিলেট
১৯. উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, সিলেট
২০. উপপরিচালক, বিএসটিআই, সিলেট
২১. উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সিলেট
২২. উপপরিচালক, বিভাগীয় সরকারী গণগ্রন্থাগার, সিলেট
২৩. উপপরিচালক, জেলা তথ্য অফিস, সিলেট
২৪. উপপরিচালক, জেলা সমাজসেবা অফিস, সিলেট
২৫. উপপরিচালক, এনএসআই, সিলেট
২৬. উপপরিচালক, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, সিলেট
২৭. উপপরিচালক, আঞ্চলিক শ্রম দপ্তর, সিলেট
২৮. উপপরিচালক, জেলা পরিসংখ্যান অফিস, সিলেট
২৯. সহকারী কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ড্যাট বিভাগ, সিলেট
৩০. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি কার্যালয়, সিলেট
৩১. চেয়ারম্যান, বালাগঞ্জ উপজেলা পরিষদ, সিলেট
৩২. চেয়ারম্যান, ওসমানীনগর উপজেলা পরিষদ, সিলেট
৩৩. চেয়ারম্যান, গোয়াইনঘাট উপজেলা পরিষদ, সিলেট
৩৪. চেয়ারম্যান, ফেঞ্চুগঞ্জ উপজেলা পরিষদ, সিলেট
৩৫. চেয়ারম্যান, বিয়ানীবাজার উপজেলা পরিষদ, সিলেট
৩৬. চেয়ারম্যান, জৈন্তাপুর উপজেলা পরিষদ, সিলেট
৩৭. উপজেলা নির্বাহী অফিসার, সদর, সিলেট
৩৮. উপজেলা নির্বাহী অফিসার, বিয়ানীবাজার, সিলেট
৩৯. উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট
৪০. উপজেলা নির্বাহী অফিসার, বালাগঞ্জ, সিলেট
৪১. উপজেলা নির্বাহী অফিসার, গোলাপগঞ্জ, সিলেট
৪২. উপজেলা নির্বাহী অফিসার, জকিগঞ্জ, সিলেট
৪৩. উপজেলা নির্বাহী অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট
৪৪. উপজেলা নির্বাহী অফিসার, গোয়াইনঘাট, সিলেট
৪৫. উপজেলা নির্বাহী অফিসার, জৈন্তাপুর, সিলেট
৪৬. উপজেলা নির্বাহী অফিসার, ওসমানীনগর, সিলেট
৪৭. উপজেলা নির্বাহী অফিসার, বিশ্বনাথ, সিলেট
৪৮. উপজেলা নির্বাহী অফিসার, ফেঞ্চুগঞ্জ, সিলেট
৪৯. উপজেলা নির্বাহী অফিসার, কানাইঘাট, সিলেট
৫০. অধ্যক্ষ, সিলেট সরকারি কলেজ, সিলেট
৫১. সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, সিলেট
৫২. সহকারী পরিচালক, ঔষধ প্রশাসন, সিলেট
৫৩. সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস, সিলেট
৫৪. সহকারী পরিচালক, বিআরটিএ, সিলেট
৫৫. সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিঃসিলেট
৫৬. সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, সিলেট
৫৭. সহকারী পরিচালক, বিএডিসি (সার), সিলেট
৫৮. সিনিয়র জেলা সুপার, সিলেট
৫৯. জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি-১
৬০. জেলা শিক্ষা কর্মকর্তা, সিলেট
৬১. জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, সিলেট
৬২. জেলা খাদ্য নিয়ন্ত্রক, সিলেট
৬৩. জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সিলেট
৬৪. জেলা মৎস্য কর্মকর্তা, সিলেট
৬৫. জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, সিলেট
৬৬. জেলা কালাচারাল অফিসার, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, সিলেট

৬৭. জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, বাংলাদেশ শিশু একাডেমি, সিলেট
৬৮. জেলা সমবায় অফিসার, সিলেট
৬৯. জেলা ক্রীড়া অফিসার, সিলেট
৭০. উপমহাব্যবস্থাপক, বিসিক, সিলেট
৭১. উপমহাব্যবস্থাপক, জালালাবাদ গ্যাস, সিলেট
৭২. সিনিয়র প্র্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট
৭৩. প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, সিলেট
৭৪. ইন্সট্রাক্টর, তীত প্রশিক্ষণ কেন্দ্র, বাংলাদেশ তীত বোর্ড, সিলেট
৭৫. আবহাওয়াবিদ, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, সিলেট
৭৬. আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, সিলেট
৭৭. সুপারিনটেনডেন্ট, পিটিআই, সিলেট
৭৮. উপমহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিঃসিলেট

প্রতিনিধি সদস্যগণের তালিকাঃ পরিশিষ্ট-“ খ ”

১. পুলিশ সুপার, সিলেট
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন, সিলেট
৩. উপ-পুলিশ কমিশনার (সদর ও প্রশাসন), সিলেট
৪. অধ্যক্ষ, এম. সি. কলেজ, সিলেট
৫. উপপরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, সিলেট
৬. সহকারী পরিচালক, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, সিলেট

অনুমতিক্রমে অনুপস্থিত সদস্যগণের তালিকাঃ পরিশিষ্ট-“ গ ”
নাই

অনুমতি ব্যতিত অনুপস্থিত সদস্যদের তালিকাঃ পরিশিষ্ট-“ ঘ ”(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. পরিচালক, সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল
২. নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ-২, বিউবো, সিলেট
৩. পরিচালক, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, সিলেট
৪. উপপরিচালক, বিআরডিবি, সিলেট
৫. চেয়ারম্যান, সদর উপজেলা পরিষদ, সিলেট
৬. চেয়ারম্যান, দক্ষিণ সুরমা উপজেলা পরিষদ, সিলেট
৭. চেয়ারম্যান, গোলাপগঞ্জ উপজেলা পরিষদ, সিলেট
৮. চেয়ারম্যান, জকিগঞ্জ উপজেলা পরিষদ, সিলেট
৯. চেয়ারম্যান, কানাইঘাট উপজেলা পরিষদ, সিলেট
১০. চেয়ারম্যান, কোম্পানীগঞ্জ উপজেলা পরিষদ, সিলেট
১১. চেয়ারম্যান, বিশ্বনাথ উপজেলা পরিষদ, সিলেট
১২. মেয়র, কানাইঘাট পৌরসভা, সিলেট
১৩. মেয়র, বিয়ানীবাজার পৌরসভা, সিলেট
১৪. মেয়র, জকিগঞ্জ পৌরসভা, সিলেট
১৫. মেয়র, গোলাপগঞ্জ পৌরসভা, সিলেট
১৬. সহকারী পরিচালক, রপ্তানী উন্নয়ন ব্যুরো, সিলেট
১৭. অধ্যক্ষ, এমএজি ওসমানী মেডিকেল কলেজ, সিলেট
১৮. অধ্যক্ষ, সিলেট সরকারী মহিলা কলেজ, সিলেট
১৯. অধ্যক্ষ, সিলেট টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, সিলেট
২০. জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি-২
২১. জেলা রেজিষ্টার, সিলেট
২২. জেলা নির্বাচন অফিসার, সিলেট
২৩. জেলা মার্কেটিং অফিসার, সিলেট
২৪. প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, মুক্তিকা সম্পদ উন্নয়ন ইন্সটিটিউট, সিলেট
২৫. ডেপুটি পোস্ট মাস্টার জেনারেল, সিলেট
২৬. ষ্টেশন ম্যানেজার, বাংলাদেশ রেলওয়ে, সিলেট
২৭. প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, সাইট্রাস গবেষণা কেন্দ্র, জৈন্তাপুর, সিলেট
২৮. আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, সিলেট
২৯. সহকারী প্রকৌশলী, পিজিসিবি, সিলেট
৩০. জেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, সিলেট
৩১. ব্যবস্থাপক, পদ্মা পেট্রোলিয়াম লিঃ, সিলেট
৩২. উপব্যবস্থাপক (বিক্রয়), মেঘনা পেট্রোলিয়াম লিঃ, সিলেট
৩৩. উপমহাব্যবস্থাপক (টেলিকম), বিটিসিএল, সিলেট
৩৪. ব্যবস্থাপক, যমুনা পেট্রোলিয়াম লিঃ, সিলেট